



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং-০৫

তারিখঃ ০২ আগস্ট, ১৪২৬
১৭সেপ্টেম্বর, ২০১৯

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

অগ্রিম-আমানত হার (ADR)/বিনিয়োগ-আমানত হার (IDR) প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ০৭ মার্চ ২০১৬ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০২ এর মাধ্যমে জারিকৃত Asset-Liability Management (ALM) Guidelines এর 1.3.1 হতে 1.3.1.3 নং ক্রমিকে বর্ণিত অগ্রিম-আমানত হার (ADR)/ বিনিয়োগ-আমানত হার (IDR) সম্পর্কিত নির্দেশনা এবং এর অনুবৃত্তিক্রমে ৩০ জানুয়ারি ২০১৮ তারিখের ডিওএস সার্কুলার নং-০১, ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ডিওএস সার্কুলার নং-০২, ০৯ এপ্রিল ২০১৮ তারিখের ডিওএস সার্কুলার নং-০৩ ও ০৭ মার্চ ২০১৯ তারিখের ডিওএস সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০২/২০১৬ এর মাধ্যমে জারিকৃত Asset-Liability Management (ALM) Guidelines এর 1.3.1 নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা অনুসারে প্রচলিত ধারার ব্যাংকগুলোর দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে রক্ষিতব্য CRR এবং দৈনিক ভিত্তিতে রক্ষিতব্য SLR বাদে বিনিয়োগযোগ্য তহবিল দাঁড়ায় ৮১.৫০ শতাংশ এবং ইসলামি শরীয়াহ ভিত্তিক ব্যাংক ও প্রচলিত ধারার ব্যাংকের ইসলামি ব্যাংকিং কার্যক্রমের জন্য তা দাঁড়ায় ৮৯ শতাংশ। সামগ্রিকভাবে ব্যাংকিং খাতের মূলধন ভিত্তি, তারল্য পরিস্থিতি, আন্তঃব্যাংক নির্ভরশীলতা এবং সর্বোপরি ব্যাসেল-৩ অনুসারে LCR ও NSFR এর নির্ধারিত মাত্রা সংরক্ষণের বিষয়টি বিবেচনায় রেখে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত প্রচলিত ধারার ব্যাংকের জন্য অগ্রিম-আমানত হার (ADR) সর্বোচ্চ ৮৫.০ শতাংশ (81.5 শতাংশ + সার্বিক আর্থিক সূচকসমূহ বিবেচনায় ব্যাংকের পর্যবেক্ষণের সিদ্ধান্তক্রমে অতিরিক্ত 3.5 শতাংশ) এবং ইসলামি শরীয়াহ ভিত্তিক ব্যাংক এবং প্রচলিত ধারার ব্যাংকের ইসলামি ব্যাংকিং কার্যক্রমের জন্য বিনিয়োগ-আমানত হার (IDR) সর্বোচ্চ ৯০.০ শতাংশ (89.0 শতাংশ + সার্বিক আর্থিক সূচকসমূহ বিবেচনায় ব্যাংকের পর্যবেক্ষণের সিদ্ধান্তক্রমে অতিরিক্ত 1.0 শতাংশ) নির্ধারণ করা হলো।

০৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল ইসলাম)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোন : ৯৫৩০০৯৩